

প্রাথমিক ও ইবতেদায়ির আজকের পরীক্ষা ৩০ নভেম্বর

প্রথম দিন শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত

যুগান্তর রিপোর্ট

জানিয়াতে ইসলামীর খরতালের কারণে আজকের প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা পেছানো হয়েছে। আগামী ৩০ নভেম্বর এই পরীক্ষা নেয়া হবে। আজ উভয় স্তরের বাংলা বিষয়ের পরীক্ষা ছিল।

প্রথম দিন রোববার সারা দেশ থেকেই শান্তিপূর্ণভাবে এই পরীক্ষা অনুষ্ঠানের খবর পাওয়া গেছে। এদিন ইংরেজি বিষয়ের পরীক্ষা নেয়া হয়। দুটি পরীক্ষায় ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ জন পরীক্ষার্থীর অংশ নেয়ার কথা রয়েছে। এর মধ্যে প্রাথমিক সমাপনীতে ২৯ লাখ ৪৯ হাজার ৬৩-ও ইবতেদায়ি সমাপনীতে তিন লাখ পাঁচ হাজার ৪৫১ জন শিক্ষার্থী আছে। নিবন্ধিত এসব পরীক্ষার্থীর মধ্যে প্রায় দেড় লাখ অনুপস্থিত ছিল। অনুপস্থিত শিক্ষার্থীর মধ্যে ১ লাখ ৮ হাজার ৪২১ জন প্রাথমিক এবং ৪১ হাজার ৪৭৫ জন ইবতেদায়ির।

ইংরেজি পরীক্ষায় মোট ৭ জন ছাত্রছাত্রী বহিষ্কার হয়েছে। এছাড়া ভোলায় ৪ শিক্ষককে দায়িত্ব থেকে প্রত্যাহার করা হয়েছে। এসব শিক্ষক-শিক্ষার্থীর বিরুদ্ধে অসদুপায় অবলম্বনের অভিযোগ উঠেছে।

পরীক্ষার পরিবেশ দেখতে সকালে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান রাজধানীর মতিঝিলের আইডিয়াল সরকারি প্রাথমিক বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয় ও খিলগাঁও গার্লস স্কুল আন্ড কলেজ কেন্দ্র পরিদর্শন করেন। তবে পরীক্ষা বিঘ্নিত হতে পারে বলে তিনি কেন্দ্রের ভেতরে যাননি। বাইরে অপেক্ষমাণ অভিভাবকদের সঙ্গে কুশল বিনিময় করে ফিরে যান। এ সময় তিনি অভিভাবকদের জানিয়েছেন, প্রাথমিক শিক্ষার স্তর যখন অষ্টম শ্রেণী পর্যন্ত হবে, তখন দুটি (প্রাথমিক-ইবতেদায়ি সমাপনী ও জেএসসি-জেডিসি) পরীক্ষা না রেখে একটি রাখা যায় কিনা তা ভাবা হবে। তিনি আরও বলেন, এবার প্রথমবারের মতো আট সেট প্রশ্নপত্রে এ পরীক্ষা নেয়া হচ্ছে। কিছু দুট্ট মানুষ দুট্ট বুদ্ধি নেয়। সরকার তাই কৌশলী হয়েছে। আজকের পরীক্ষা পেছানোর পক্ষে যুক্তি তুলে ধরে তিনি তখন বলেন, বর্তমান পরিস্থিতিতে অভিভাবকদের উদ্বেগ আছে। দেশে রাজনৈতিক অস্থিরতা নেই। তবে কিছু দুট্ট লোক যদি কোনো ছোটখাটো ঝামেলা পাকিয়ে ফেলে, সেটা মনে করে পরীক্ষা পেছানো হয়েছে।

পরিদর্শনকালে মন্ত্রীর সঙ্গে প্রাথমিক ও গণশিক্ষা সচিব মেহবাহ উল আলম, অতিরিক্ত সচিব জ্ঞানেন্দ্র নাথ বিশ্বাস, সো, নজরুল ইসলাম খান, ডিপিই মহাপরিচালক মো. আলমগীর এবং ঢাকা বিভাগীয় উপ-পরিচালক শাহ সুফি মো. আলী রেজা উপস্থিত ছিলেন।